তারিখ দৈনিক বাংলা
পৃষ্ঠা ... কলাম ...



তারিখ 02 FEB 1982
পৃষ্ঠা ... ৮ কলাম ... ১ ...

# নকল প্রবণতা রোধে ব্যবস্থা

পরীক্ষায় নকলের প্রবণতা এমন এক উচ্ছৃংখল রূপ নিয়েছে যে ইতিমধ্যেই তা পরীক্ষা গ্রহণকারী শিক্ষকদের নিরাপত্তার প্রতিও হুমকি সৃষ্টি হয়েছে। ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউটের একদল পরীক্ষার্থী শনিবার ও রোববার অবাধে নকল করবার অধিকারের দাবীতে এমন উচ্ছৃংখল হয়ে ওঠে যে তাতে প্রশাসনিক ব্লকের লোহার গেট ভেঙ্গে পড়ে। পত্রিকান্তরে প্রকাশিত রিপোর্টে বলা হয়েছে। বেপরোয়া নকলের মুখে শিক্ষকরা হল ছেড়ে বেরিয়ে গেলে পরীক্ষার্থীদের একটি অংশ আক্রোশে উচ্ছৃংখল হয়ে ওঠে এবং শিক্ষকরা অধ্যক্ষের কক্ষে আশ্রয় নিতে বাধ্য হয়। তখন একশ্রেণীর উচ্ছৃংখল ছাত্র প্রশাসনিক ভবনের লোহার গেট ভেঙ্গে ফেলে। এ রকম ঘটনা যে এই প্রথম তা নয়। এর আগেও পরীক্ষায় নকলের দাবীতে একশ্রেণীর ছাত্রের এ ধরনের উচ্ছৃংখলতার খবর পত্রিকায় প্রকাশিত হয়েছে। কোথায়ও কোথায়ও এই অসঙ্গত দাবী নিয়ে তুলকালাম কান্ডও ঘটে গেছে।

এই পরিস্থিতি নিয়ন্ত্রণে আনার জন্য এখনই সর্বাত্মক ব্যবস্থা নেয়া প্রয়োজন। শিক্ষার মান ও প্রকৃত শিক্ষার্থীদের স্বার্থ সংরক্ষণের জন্যই এর বিরুদ্ধে কঠোর ব্যবস্থা অপরিহার্য। নকলকারীদের দৌরাত্ম্য যদি এই পর্যায়ে পৌঁছে, তাহলে এদেশের শিক্ষার পশ্চাৎপদতা কোন অবস্থাতেই রোধ করা যাবে না।